

১০/১১/০৭
১৫

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বাংলাদেশের উচ্চ শিক্ষা ব্যবস্থাসহ পৃথিবীর বিভিন্ন দেশের শিক্ষা সম্পর্কিত তথ্য জানাতে বসুন্ধরা সিটিতে শুরু হয়েছে ঢাকা ইন্টারন্যাশনাল এডুকেশন ফেয়ার (ডি আই ই এফ)।

মেলায় বাংলাদেশ, ব্রুটেন, মালয়েশিয়া, আমেরিকা, থাইল্যান্ড, ভারত, ইউজেন এবং জাপানের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি উপস্থিত থেকে শিক্ষার্থীদের নানা তথ্য দিচ্ছে। মেলায় ১০২ টি ষ্টল স্থান পেয়েছে।

গতকাল বসুন্ধরা সিটির ৭ম লেভেলে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা

রাজধানীতে শিক্ষা মেলা শুরু

গ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, এধরনের মেলার মাধ্যমে শিক্ষার্থীরা বাংলাদেশসহ বিভিন্ন দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে জানতে পারছে। তিনি বলেন, বাংলাদেশের

শিক্ষার্থীদের বিদেশ থেকে শিক্ষা গ্রহণ করে তাদের আবার দেশে ফিরে আসতে হবে। তাদের মেধা দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে।

অনুষ্ঠানে বিজিএমইএর সাবেক সভাপতি আনিসুল হক উপস্থিত ছিলেন। চারদিনব্যাপী এ মেলায় গতকাল বিকেলে বিপুল পরিমাণ দর্শক সমাগম হয়। মেলা ১২ নভেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৯ টা পর্যন্ত সকলের জন্য খোলা থাকবে। মেলায় প্রবেশ মূল্য ১০ টাকা। মেলার আয়োজক ওয়াইইইএস।